1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly stamped under the Indian stamp Act-1899 as ammended by Act-III of-1922 & section 82 (I) of the Calcutta Improvement Act-1911 schedule.

Stamp duty paid under the Indian Stamp Act, 1899 of Amended in 1964 Rs.

Additional duty paid under the Calcutta Improvement Act-1911 Rs.

Total Rs.

U/S 9 (8) of the W. B. prevention of under Valuation of Instruments Rule 1994

Market Value Assessed Rs

Deficit Stamp Duty of Rs

Dist. Sub-Registrar III Alipore, South 24-Parganas

মং ৩০০০০-০০ টাকা ত্রিশ হাজার টাকা পণ মূল্যের

সাফ বিক্রয় কোবালা।

কোবালা গ্রহীতা :-

শ্রী সুরেন রায় পিতা নিরঞ্জণ রায়, জাতি হিন্দু, পেশা চাষ, সাকিন নয়াবাদ থানা কসবা, কলিকাতা- ৭০০ ০৭৮ জেলা দক্ষিণ ২৪ পরগণা।

কোবালা দাতা :-

শ্রী হরলাল রায় পিতা শ্রী সতীশ চন্দ্র রায়, জাতি হিন্দু, পেশা কৃষিকার্য্য, সাকিন সাবেক সন্তোষপুর ৬ নং রোড থানা যাদবপুর, কলিকাতা- ৭৫ হাল সাকিন নয়াবাদ, থানা - কসবা, কলিকাতা- ৭০০ ০৭৮, জেলা দক্ষিণ ২৪ পরগণা।

C.G.R. No. ... D.D. No. ... DATE ...

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত ও অত্র দলিল সাথ গ্রথিত নকসায় লাল রং দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত কমবেশ ১ এক কাঠা খালি জমি জমা মায়

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.    Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये  ONE THOUSAND RUPEES

॥ ২॥

জমি সংলগ্ন নকসায় প্রদর্শিত রাস্তার সর্ব্ববিধ ব্যবহারিক রাইট অব ইজমেন্ট স্বত্ব সহ দরবস্ত হক হকুক সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্ত অবস্থায় বিক্রয়ের শুভ সাফকোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগণা হাল দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ উপর যাদবপুর হাল কসবা এলাকাধিন জেলা কালেক্টারীর ৫৬ নং তৌজি ভুক্ত সাবরেজেষ্ট্রী শিয়ালদহ অধিন রে: সা: নং ৪, জে:এল:নং ২৫, সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটি হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ( যাদবপুর ইউনিট) ১০৭ নম্বর ওয়ার্ড ভুক্ত মৌজা নয়াবাদ গ্রামের রিভিসনাল জরিপের ৬৯ নং খতিয়ান ভুক্ত জমি জমা আছে তাহা আমার বাবা শ্রী পাঁচু বাগ পিতা শ্রীধর বাগ সাকিন আটঘরা, থানা সোনারপুর, জেলা ২৪ পরগণা মহাশয়ের ষোল আনা রকমের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। তিনি উক্ত সম্পত্তিতে মালিক দখলিকার

100Rs.

INDIA NON JUDICIAL

Rs 100

একশত টাকা ONE HUNDRED RUPEES

॥৩॥

থাকাবস্থায় উক্ত জমি জমা মধ্যে কিয়দংশ জমি বিক্রয় বাদে বক্রি জমি জমায় একায়েক অন্যের বিনা স্বত্ব সত্ত্বে খাসে স্বত্ববান মালিক দখলিকার নিয়ত থাকেন। পরবর্তীকালে তাঁহার নানা কারনে আরও নগদ টাকার আবশ্যক দেখা দেওয়ায় তিনি উক্ত বক্রিখাসে থাকা নয়াবাদ গ্রামের ৬৯ নম্বর খতিয়ান ভুক্ত ১৩৩ নম্বর দাগ ভুক্ত '৩৭ শতক জমি বিভিন্ন প্লট বিভক্ত করিয়া বিক্রয়ের ঘোষণা করিলে আমি অত্র দাতা তাহা জানিতে পারিয়া উক্ত জমি জমা মধ্যে কৃত চিহ্নিত মোতাবেক ১ এক কাঠা শালি জমি জমা উপযুক্ত পণ মূল্য প্রদানে গত ইংরাজী ১৯৮০ সালের ২০শে ফেব্রুয়ারী তারিখে এককেতা রেজেষ্ট্রীকৃত কোবালা দলিল মূলে খরিদ করিয়া লই এবং খরিদাকালতক হইতে অদ্যাবধিকালতক উহাতে একক ষোল আনায় মালিক দখলিকার বিদ্যমান আছি ও হইতেছি। আমার উক্ত খরিদা কোবালা দলিল

10 Rs.

TEN RUPEES

INDIA

॥৪॥

ডি, এস, আর আলিপুর ২৪ পরগণা অফিসের বুক নম্বর ১ ভলুম নম্বর পেজেস হইতে , বিয়িং নম্বর ১০৬৩ ফর দি ইয়ার ১৯৮০ রূপে লিপিবদ্ধ হইয়াছে।

এক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ টাকার একান্ত আবশ্যক দেখা দেওয়ায় আমি আমার খরিদা খাস দখলীয় উক্ত ১ এক কাঠা শালি জমি যাহা নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত হইল ও অত্র সংলগ্ন নকসায় লাল রং দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত করা আছে তায় সংলগ্ন নকসায় প্রদর্শিত রাস্তার সর্ববিধ ব্যবহারিক রাইট অব ইজমেন্ট স্বত্ব সহ সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্ত অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে কোবালা গ্রহিতা আপনি তাহা জানিতে পারিয়া উহা বর্তমান বাজারোচিত সর্বোচ্চ পণ মূল্য মং ৩০০০০-০০টাকা ত্রিশ হাজার টাকা মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে আমি আপনার উক্ত প্রস্তাবে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে নিম্ন তপশীল টাকার

জায় মোতাবেক পণ মূল্যের সমুদয় ৩০০০০-০০ টাকা ত্রিশ হাজার টাকা নগদ এককালিন গ্রহণ করিয়া তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ, প্রচার ঘোষণা করিতেছি যে :-

বিক্রীত উক্ত জমি জমায় আমার যে কিছু স্বত্ব, স্বামীত্ব, লভ্য, হক হক্কিয়তাদি যাহা কিছু ছিলবা আছে তাহা অদ্য হইতে মায় ওয়ারিশানক্রমে আমি চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া উহার যাবতীয় স্বত্ব ও দখল অদ্যই আপনার অনুকূলে পরিত্যাগ করিলাম। আপনি অদ্য হইতে অত্রকোবালা দলিল বনিয়াদে উপরিস্থিত মালিক সরকারেও হাল ও কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে বিক্রীত জমির দরুন আপনার নিজ নাম পত্তন করত: আপনার পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণক্রমে ও স্থলাভিষিক্তগণক্রমে উহা দান, বিক্রয়, বন্ধক আদির দ্বারা সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি আমার ভবিষ্যত ওয়ারিশানক্রমে কেহ কোন প্রকার ওজরাপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না করিলেও তাহা অত্র দলিল বনিয়াদে সর্ব্বস্থানে ও আইন আদালতে অগ্রাহ্য, বাতিল, নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি আমি কোবালা দাতা ইতিপূর্বেঅন্য কাহাকেও দান, বিক্রয় বন্ধক ইত্যাদি কোন প্রকার হস্তান্তর কিম্বা হস্তান্তরের কোন চুক্তি বা অন্য কোন প্রকারের দায়াবদ্ধ বা দায় সংযোগ করি নাই বা উহা কোন আধা সরকারী প্রতিষ্ঠান বা সরকার বাহাদুর কর্তৃক সম্পূর্ণ বা আংশিক রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই বা উহা কোন মালি মোকদ্দমার অন্তর্গত সম্পত্তি নহে উহা সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও মুক্তাবস্থায় আমার খাসে ও দখলে থাকাবস্থায় আপনাকে বিক্রয় করিলাম।

ভবিষ্যতে আমার উপরিউক্ত উক্তি সমূহের কোন উক্তি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পাইয়া বিক্রীত জমি জমায় বা তাহার কোন অংশে আপনার ভোগ দখলের পক্ষে ব্যাঘাত জন্মায় বা ক্ষতি হয় তাহা হইলে আমি আপনার দেওয়া মূল্যের টাকা মায় যাবতীয় ক্ষতি খরচা সহ মাফিক আইন আমলে আসিয়া দায়ী ও দণ্ডনীয় হইব।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোনরূপ ভুল ত্রুটি থাকা প্রকাশ পায় তাহা হইলে আপনি বলিবামাত্র আপনার খরচায় আপনার বরাবরে সংশোধনী দলিল দ্বারা সংশোধনী করিবার নিমিত্ত সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম সমক্ষরূপে অবগত হইয়া পণের সমুদয় ৩০০০০-০০ ত্রিশ হাজার টাকা নিম্ন তপশীল টাকার জায় মত নগদ এককালিন গ্রহণ করিয়া তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নামে বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ১৯৯৯ সালের ২২ ডিসেম্বর, বাংলা সন ১৪০৬ সালের ৬ই পৌষ।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়।
******************************

জেলা ২৪ পরগণা হাল দক্ষিণ ২৪ পরগণা থানা সাবেক যাদবপুর হাল কসবা সাবরেজেষ্ট্রী অফিস শিবাদহ, পরগণা খাসপুর জেলা কালেকটারীর ৫৬ নম্বর তৌজি ভুক্ত রে: সা: নং ৩, জে:এল: নং ২৫, সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটি হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ( যাদবপুর ইউনিট) ১০৯ নং ওয়ার্ড ভুক্ত মৌজা নয়াবাদ গ্রামের বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দ: ২৪ পরগণা জেলার কালেকটার বাহাদুর অধিন রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের উপরিলিখিত বর্ণনা মোতাবেক আমার খরিদা খাস দখলীয় — হাল জরিপের ৬৯ নম্বর খতিয়ান অধিন ১৩৩ একশত তেত্রিশ নংদাগ

তদুক্ত ১ এক কাঠা শালি জমি যাহাতে মালিক বিদ্যমান আছি ও হইতেছি উক্ত সমগ্র ১ এক কাঠা শালি জমি জমা মায় জমি সংলগ্ন নকসায় প্রদর্শিত রাস্তার সর্ব্ববিধ ব্যবহারিক রাইট অব ইজমেন্ট সুত্র সহ দরবস্তু হক হকুক অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি সংলগ্ন নকসায় লাল রং দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত করা আছে উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া সর্ব্বত্র গণ্য হইবেক। হারাহারি বার্ষিক খাজনা '০৭ পয়সা হাল মালিক প: ব: রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলার কালেকটারবাহাদুরকে আদায় দেয়। ইহার চৌহদ্দি :-

উত্তর - ৬' ফুট প্রশস্ত চলাচলের রাস্তা, দক্ষিণে - সুধীর বিশ্বাস মহাশয়ের খরিদা জমি
পূর্ব - শ্রী সুধীর বিশ্বাস পশ্চিম - নিরঞ্জণ রায়।

তপশীল টাকার জায়।
***************

অদ্য তারিখে পণ মূল্য বাবদ নোট ও নগদে
মং ৩০০০০-০০ ত্রিশ হাজার টাকা বুঝিয়া পাইয়া
তাহার প্রাপ্তি স্বীকার করিলাম।

হরলাল রায়
.................................

ইসাদী :-
*****

১। সুধীর বিশ্বাস
পোষ্ট অফিস - কলি - ৭৮
থানা - কসবা,

2| Bimal ch. ...
Nayabad, cal-78
P.S. Kasba


মুসাবিদাকারক :-
Amiya Kumar Chowdhury
Advocate, Police Court,
Alipur.

টাইপকারক :-
প্রশান্ত ...
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা- ৭০০ ০২৭।

TE PLAN FOR SRI. SUREN ROY. MKD: P.7A.
YING & SITUATED IN MOUZA- NAYABAD. J.L. NO. 25.
SHEET NO. 2. ON PORTION OF R.S. DAG. NO. 133. R.S.
KHATIAN NO. 69. C.M.C. WARD NO. 109. (J. UNIT)
UNDER P.S. KASBA. DIST- SOUTH 24 PARGANAS.

SCALE:- 25'-0" = 1"

NOTE:-
AREA OF PURCHASED LAND:- 1KT. 00CH. (MORE OR LESS) SHOWN BY BORDER RED ▭ INCLUDING 6'-0" WIDE COMMON PASSAGE.




DRAWN BY.